NEW YORK STATE
NETWORK FOR YOUTH SUCCESS



মানসম্পন্ন স্ব-মূল্যায়নের (কোয়ালিটি সেলফ্-অ্যাসেসমেন্ট-QSA) উপকরণ, তৃতীয় সংস্করণ

USER'S GUIDE – BENGALI

স্বাগতম!

স্বাগতম!
নিউ ইয়র্ক স্টেট নেটওয়ার্ক ফর ইয়ুথ সাকসেস-এর মানসম্পন্ন স্ব-মূল্যায়নের (QSA) উপকরণটি এমন একটি মাপকাঠি যা আফটারস্কুল, সামার, এবং সম্প্রসারিত শিক্ষণ কর্মসূচি প্রদানকারীগণ তাদের কর্মসূচির মান যাচাইয়ে এবং কর্মী ও স্বার্থসংশ্লিষ্টদের তাদের অব্যাহত কর্মসূচির উন্নতি সাধনের কর্ম পরিকল্পনার সহায়তায় ব্যবহার করে। QSA উপকরণটি একটি রিসোর্স যা দেশব্যাপী আফটারস্কুল কর্মী এবং নীতি-নির্ধারকদের অভিজ্ঞতা, জ্ঞান, এবং গবেষণার উপর প্রতিষ্ঠিত।

QSA উপকরণের কাঠামো
QSA উপকরণটি একটি কার্যকর আফটারস্কুল কর্মসূচির প্রয়োজনীয় উপাদানসমূহ নিয়ে গঠিত, যার সবগুলি প্রমাণ-ভিত্তিক অনুশীলনী থেকে উদ্ভূত। প্রতিটি উপকরণের অধীনে, আপনি বিভিন্ন বৈশিষ্ট্যের একটি তালিকা পাবেন যেখানে এই অনুশীলনীর বিবরণ রয়েছে। আমরা এগুলিকে বলি "মানের সূচক।" একটি সূচকের পাশের (*)অ্যাস্টারিস্ক চিহ্ন দিয়ে বোঝায় কর্মসূচি শুরু হবার অথবা বর্তমানে যেসব কর্মসূচি চালু আছে সেগুলি শুরুর আগে, যথাশীঘ্র, এগুলি সমাধান বা পূরণ করতে হবে।

প্রতিটি সূচক দক্ষতার চারটি স্তরে বিভক্ত। প্রত্যেকটি স্তরে, আপনি বিভিন্ন উদাহরণ পাবেন যা প্রকৃত কর্মসূচিটিতে দক্ষতার স্তরটি দেখতে কেমন হতে পারে তার একটি বিবরণ থাকবে। এই উদাহরণগুলি দেয়া হয়েছে স্ব-মূল্যায়ন প্রক্রিয়াটির অনুমানগত ধারণা তৈরিতে সহায়তা দেবার জন্য। কোন স্তরটি আপনার কর্মসূচি/সংগঠনের সবচেয়ে কাছাকাছি সেটি নির্ধারণে সহায়তা পেতে আপনার এগুলি ব্যবহার করা উচিত। প্রতিটি সূচকে, আপনার নিজেকে প্রশ্ন করা উচিত, "আমার কর্মসূচি কি 1, 2, 3, অথবা 4"-এর সবচেয়ে কাছের? QSA উপকরণের স্ব-মূল্যায়নের অংশ হিসেবে, আপনি একটি উপাদানের ভিতর প্রতিটি সূচকের প্র্যাকটিস করে আপনার কর্মসূচির সাফল্য মূল্যায়নে এই মানের পদ্ধতিটি আপনি ব্যবহার করবেন। এই সকল মানগুলির ফলাফল একটি গ্রুপ হিসেবে আলোচনা করা উচিত যাতে কোন একটি সাইটের কর্মসূচি, পরিচালনা, এবং ব্যবস্থাপনার একটি পূর্ণ চিত্র পাওয়া যায়। এটি আপনার কর্মসূচিটি কোথায় সবচেয়ে সফল, এবং কোথায় আরও কাজের দরকার আছে তা বুঝতে সহায়ক হবে।

কার্যসম্পাদনার স্তরের রেটিং সিস্টেম নিম্নরুপ:
4 এক্সিলেন্ট/মান অতিক্রম করে: সহায়তাদানে এবং এই বিষয়ে অন্যদের সাথে কাজ করতে প্রস্তুত।
3 সন্তোষজনক/মান পূরণ করে: এই বিষয়ে অন্যদের সাথে কাজ করার লক্ষ্যে কর্মীদেরকে প্রস্তুত করতে সহায়তার প্রয়োজন রয়েছে।
2 কিছু অগ্রগতি করেছে/মান পূরণের অগ্রসর হচ্ছে: এই বিষয়ে বাড়তি অভিনিবেশযুক্ত সহায়তা ব্যবহার করতে পারে
1 মনোযোগদান এবং উন্নতি আবশ্যিক/মান পূরণ করে না: এই বিষয়ে উল্লেখযোগ্য সহায়তার চাহিদা রয়েছে।

প্রতিষ্ঠানগুলি কর্মসূচির মানের প্রতিটি উপাদানের ভিতরে মানের যে সূচক রয়েছে তার সবগুলিতে সন্তোষজনক কার্যসম্পাদনার স্তর (3) অর্জনের প্রচেষ্টা চালাবে সেটিই প্রত্যাশিত। সময়ের সাথে, কর্মসূচিগুলির উচিত এক্সিলেন্ট কার্যসম্পাদনার স্তর (4) অর্জনের জন্য অব্যাহত প্রচেষ্টা চালানো। এই কার্যসম্পাদনার স্তরে, প্রতিষ্ঠানগুলি উপর্যুপরি সকল কর্মসূচির উপাদানে প্রতিশ্রুতিপূর্ণ অনুশীলনীর প্রমাণ দেখায়, অন্য আফটারস্কুল কর্মসূচিসমূহের মডেল হিসেবে কাজ করে, কর্মীদেরকে গড়ে তোলে ও সহায়তা প্রদান করে যাতে তারা অন্য অনুশীলনকারীদের কোচ এবং মেন্টর হিসেবে কাজ করতে পারে।

QSA উপকরণ ব্যবহার করে কর্মসূচি পরিকল্পনা এবং তার উন্নতি

স্ব-মূল্যায়ন প্রক্রিয়া কর্মসূচি পরিকল্পনা এবং উন্নতির মূল অংশগুলির সবই প্রদান করে, এর অন্তর্ভুক্ত উন্নতির চাহিদা আছে এমন জায়গাগুলি শনাক্তকরণ, লক্ষ্য এবং সময়রেখা নির্ধারণ, রিসোর্স খুঁজে নেয়া, এবং কৌশলের জন্য দায়িত্ব অর্পণ।

যেসব কর্মসূচির উন্নতির জন্য ইতোমধ্যে একটি প্রক্রিয়া রয়েছে, যেমন বার্ষিক মিটিং, QSA উপকরণের ব্যবহার অথবা সেটি থেকে লব্ধ তথ্য এই প্রক্রিয়াতে অন্তর্ভুক্ত করা যেতে পারে এবং আপনার আলোচনায় গাইড হিসেবে সহায়ক হতে পারে। QSA উপকরণে প্রতিস্থাপিত কিছু জায়গা রয়েছে যেখানে উন্নতির চাহিদা আছে হিসেবে চিহ্নিত করা উন্নতির প্রচেষ্টাসমূহে অগ্রাধিকার দেয়া আছে যেমন "এখনই," "এই বছর," অথবা "পরবর্তী বছর।" স্ব-মূল্যায়ন পরিচালনার পর উন্নতির লক্ষ্যে প্রতিটি কর্মসূচির একটি কর্ম পরিকল্পনা তৈরি করা উচিত।

আপনার QSA প্রক্রিয়ায় সহায়তা লাভে আরও তথ্য, উপকরণ, এবং রিসোর্সের জন্য, http://networkforyouthsuccess.org/qsa/ সাইটে যান।

উপাদান 1

পরিবেশ এবং জলবায়ু

একটি মানসম্পন্ন কর্মসূচি সকল অংশগ্রহণকারী, কর্মী সদস্য, এবং পরিবারের একটি নিরাপদ, স্বাস্থ্যকর, এবং যত্নশীল পরিবেশ প্রদান করে।

একটি মানসম্পন্ন কর্মসূচি:	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
শারীরিক	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. *সকল অংশীদারদের জন্য একটি উদ্দীপনাপূর্ণ, সম্পৃক্তকরণীয়, আন্তরিক, এবং সহায়ক পরিবেশ প্রদান করে।							
2. *নিরাপদ, পরিচ্ছন্ন, এবং যথাযথভাবে সরঞ্জাম-বেষ্টিত একটি কর্মসূচির স্থান নিশ্চিত করে।							
3. কর্মী, পরিবার, এবং যদি প্রযোজ্য হয় আমন্ত্রয়িতা স্কুল হিসেবে অনুমোদিত সুরক্ষা পরিকল্পনা এবং পদ্ধতি তৈরি, বাস্তবায়ন, এবং শেয়ার করে।							
4. সবসময় একজন অনুমোদিত প্রাপ্তবয়স্ক কর্তৃক অংশগ্রহণকারীদেরকে কার্যকর সুপারভিশন প্রদান করে।							
5. *বাড়িতে নিরাপদে যাতায়াতের জন্য কার্যকর আগমন এবং ছুটির প্রক্রিয়া তৈরি এবং সেটি পরিচালনা করে।							
6. *স্বাস্থ্যকর এবং পুষ্টিকর স্ন্যাকস্ এবং/অথবা খাবার প্রদান করে।							
মানসিক							
7. * HIPAA এবং FERPA মেনে অংশগ্রহণকারীদের মানসিক এবং শারীরিক চাহিদা পূরণে কর্মীদের সম্পর্কে সচেতন, তাদের রেকর্ড রাখে, এবং সহায়তা প্রদান করে।							
8. একটি মর্যাদাপূর্ণ, আচরণ বিধি অন্তর্ভুক্ত করে কর্মী, অংশগ্রহণকারী, এবং তাদের পরিবারের সাথে যোগাযোগ প্রতিষ্ঠা, সেটি রক্ষা করে।							
9. আচরণ ব্যবস্থাপনায় একটি পদ্ধতি প্রয়োগ করে যার মধ্যে আছে সামাজিক-মানসিক দক্ষতা-তৈরিতে ইতিবাচক শক্তি এবং ইচ্ছাকে আরও জোরদার করা।							
10. একটি পরিবেশের জন্য ইচ্ছাকৃতভাবে পরিকল্পনা করে, আমন্ত্রণ জানায় এবং তৈরি করে যা বিচিত্র ক্ষমতার অংশগ্রহণকারীদের সক্রিয়ভাবে সহায়তা প্রদান করে।							
11. সকল অংশগ্রহণকারীর মর্যাদা করে, তাদের মধ্যে একাত্মতা গড়ে তোলে, একটি সহায়তার সংস্কৃতি, পরিষেবাসমূহকে একত্রিত করে এবং পারস্পরিক শ্রদ্ধা তৈরির মাধ্যমে শারীরিক ও মানসিক সুরক্ষা বোধ বৃদ্ধি করে।							

নোট:

উপাদান 2

প্রশাসন এবং প্রতিষ্ঠান

একটি মানসম্পন্ন কর্মসূচিতে সকল অংশগ্রহণকারীর জন্য কর্মসূচি ও কর্মকাণ্ডের সহায়তা এবং উন্নতির জন্য সুষ্ঠু সিস্টেম এবং সুন্দর অর্থ ব্যবস্থাপনা থাকে।

দ্রষ্টব্য: নিচে প্রদত্ত কিছু প্রশাসনিক সূচক 1-4 স্কেলের পরিবর্তে একটি চেকলিস্ট দ্বারা পরিমাপ করা হয়। এইসব সূচকের জন্য, আপনার কর্মসূচিতে যেগুলি আছে সেগুলি চেক অফ করুন, এবং যেগুলি এখনও পূরণ করতে হবে সেগুলিকে খালি রাখুন।

একটি মানসম্পন্ন কর্মসূচি:

- ☐ a. *যেক্ষেত্রে প্রযোজ্য, সকল আবশ্যিক ডকুমেন্ট সংরক্ষণ করে (উদাহরণ হিসেবে পারমিট, সিকিউরিটি ছাড়পত্র, ইনসিওরেন্স, ইত্যাদি)।
- ☐ b. *সকল অংশগ্রহণকারীদের জন্য পূর্ণ এবং বর্তমান এনরোলমেন্ট/রেজিস্ট্রেশন ডকুমেন্ট রাখে।
- ☐ c. *অংশগ্রহণকারীদের বিষয়ে সঠিক এবং যেসব মেডিকেল রেকর্ড জানার জন্য দেখা যেতে পারে সেগুলি HIPAA প্রবিধান মেনে সংরক্ষণ করে।
- ☐ d. *সকল আবশ্যিক রিপোর্ট সম্পূর্ণ করে এবং সময়মতো সেগুলি দাখিল করে।
- ☐ e. *সাইট ডিরেক্টর এবং কর্মী থাকে যারা, যখন প্রযোজ্য, স্টেটের ট্রেনিংয়ের বিধি মেনে চলে।
- ☐ f. *যখন প্রযোজ্য স্টেটের বিধি অনুযায়ী স্টাফ-আর-অংশগ্রহণকারীর অনুপাত রক্ষা করে।
- ☐ g. *সকল আবশ্যিক ফায়ার/সুরক্ষার ড্রিল পরিচালনা করে।
- ☐ h. *নীতিমালা এবং প্রত্যাশা সম্পর্কিত বিষয়ে যোগাযোগ রক্ষা করে, এর মধ্যে আছে উপস্থিতি, পিতামাতাদের সাথে যোগাযোগ।
- ☐ i. *একটি কর্মী হ্যান্ডবুক তৈরি, সেটিকে নিয়মিতভাবে ব্যবহার, এবং হালনাগাদ করে যেখানে আভ্যন্তরীণ নীতি এবং প্রক্রিয়ার ব্যাখ্যা আছে, এর অন্তর্ভুক্ত কর্মসূচির কর্মীদের জন্য একটি স্পষ্ট বেতনের কাঠামো।
- ☐ j. *সকল ছেলে-মেয়েদেরকে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে একটি স্পষ্ট নীতি রয়েছে, এর মধ্যে আছে বিচিত্র ক্ষমতার অধিকারী ছেলে-মেয়েরাও।

	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. *অংশগ্রহণকারী এবং কর্মসূচির তথ্যের একটি কেন্দ্রীয় ড্যাটাবেস তৈরি এবং সংরক্ষণ করে, এর অন্তর্ভুক্ত অংশগ্রহণকারীর উপস্থিতির ড্যাটা, যা নিয়মিত হালনাগাদ এবং মনিটর করা হয়।							
2. *কর্মসূচি চলাকালে অংশগ্রহণকারীগণ কোথায় আছে তার ডকুমেন্ট রাখে, এর মধ্যে আছে তাদের আগমন এবং ছুটির তথ্য।							
3. *কর্মসূচির জন্য পর্যাপ্ত নিরাপত্তা প্রদান করে।							
4. *অনুমোদিত বাজেট রাখে; পর্যায়বৃত্তভাবে বাজেট পর্যালোচনা এবং খাপ-খাইয়ে নেয়।							
5. অংশগ্রহণকারী এবং তাদের পরিবারের চাহিদা যাতে সর্বোচ্চভাবে পূরণ হয় সেই লক্ষ্যে স্কুল, কম্যুনিটি-ভিত্তিক সংগঠন, এবং কম্যুনিটি রিসোর্সের সর্বাধিক ব্যবহারের জন্যে মত বিনিময় করে।							
6. ড্যাটা শেয়ার করার উদ্দেশ্যে, সকল অংশগ্রহণকারী, পরিবার, এবং কর্মীদের জন্য স্পষ্ট যোগাযোগের নীতি এবং প্রক্রিয়ার মাধ্যমে আস্থা এবং স্বচ্ছতা তৈরি করে।							

নোট:

উপাদান 3

সম্পর্ক

একটি মানসম্মত কর্মসূচি কর্মী, অংশগ্রহণকারী, পরিবার, এবং কম্যুনিটির মাঝে ইতিবাচক এবং পারস্পরিক সম্পর্ক গড়ে তোলে, সেটিকে লালন, এবং সংরক্ষণ করে।

একটি মানসম্পন্ন কর্মসূচি:	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. *এমন কর্মী নিয়ে গঠিত যারা একে অন্যের প্রতি শ্রদ্ধাশীল এবং যোগাযোগ রাখে এবং তারা প্রাপ্ত-বয়স্কদের ইতিবাচক সম্পর্কের রোল মডেল।							
2. *একটি সুখকর, সাংস্কৃতিকভাবে স্পর্শকাতর, এবং আন্তরিক উপায়ে পরিবারগুলির সাথে পারস্পরিক সম্পর্ক বজায় রাখে।							
3. *মর্যাদা সহকারে অংশগ্রহণকারীদের সাথে আচরণ করে, তারা কী বলে সেটি শোনে, এবং অংশগ্রহণকারী/প্রাপ্তবয়স্কদের সম্পর্ক উৎসাহিত করতে কিছু পদ্ধতি অনুসরণ করে।							
4. অংশগ্রহণকারীদেরকে একে অপরের সাথে ইতিবাচকভাবে পারস্পরিক সম্পর্ক গড়তে উৎসাহিত করে এবং সহায়তা দেয় এবং তাদের মধ্যে কম্যুনিটি বোধ তৈরি করে।							
5. *অংশগ্রহণকারীদের সংস্কৃতি এবং ভাষার বৈচিত্র্যের প্রতি স্পর্শকাতর এবং সেগুলির সাথে তাল মেলায়।							
6. প্রধান স্বার্থসংশ্লিষ্টদের সাথে মিটিংয়ের সময়সূচি তৈরি করে, এর অন্তর্ভুক্ত কর্মী, অংশগ্রহণকারীগণ, পরিবার এবং যথপোযুক্ত অন্যেরা।							
7. মেন্টর, স্বেচ্ছাকর্মী, অথবা কর্মী হবার জন্য প্রাক্তন অংশগ্রহকারীদেরকে উৎসাহিত এবং সহায়তা প্রদান করে।							
8. *লৈঙ্গিক প্রকাশভঙ্গি/যৌন পরিচিতি এবং অগ্রাধিকার বিষয়ক বৈচিত্র্যের প্রতি স্পর্শকাতর এবং সেগুলির সাথে খাপ-খাওয়ায়।							

নোট:

উপাদান 4

কর্মী এবং পেশাগত উন্নয়ন

একটি মানসম্পন্ন কর্মীসূচি বৈচিত্র্যপূর্ণ কর্মী সদস্যদের সংগ্রহ, চাকরি দান, এবং তৈরি করে যারা উচ্চ-মানের অনুশীলনীসমূহ বোঝে, মূল্য দেয়, এবং সমৃদ্ধ করে।

	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
একটি মানসম্পন্ন কর্মসূচি:	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
চলমান পেশাগত উন্নয়ন							
1. *পেশাগত উন্নয়ন এবং একটি শিক্ষণ সংস্কৃতিতে প্রতিশ্রুতিবদ্ধ, যেমনটি ডিরেক্টর এবং কর্মীগণ ট্রেনিং এবং সহজীকরণকরণে অংশগ্রহণকারী হিসেবে প্রত্যক্ষ করে ট্রেনিং-পরবর্তী ভাবনায় যা একটি অব্যাহত উন্নতির সিস্টেমের অংশ।							
2. সহায়তা ব্যবস্থার মাধ্যমে পেশাগত উন্নতি এবং অর্থপূর্ণ দক্ষতা গড়ে তোলার সুযোগ প্রদান করে যেমন ট্রেনিং, কোচিং, মেন্টরিং এবং সতীর্থ শিক্ষণ।							
3. উপযুক্ত কর্মকাণ্ড পরিকল্পনা যা অংশগ্রহণকারীদের উন্নয়ন চাহিদার সাথে সম্পৃক্ত সেগুলির জন্য কর্মী তৈরি করে এবং তাদেরকে সহায়তা দেয়, এর অন্তর্ভুক্ত বিচিত্র ক্ষমতাসম্পন্ন অংশগ্রহণকারী এবং ইংরেজি ভাষা শিক্ষার্থী।							
4. যেখানে লভ্য স্বীকৃতিদান করতে এবং সনদ প্রাপ্তিতে কর্মীদের সাথে কাজ করে।							
5. যেখানে যথাযথ, শিক্ষা-সংক্রান্ত সুযোগ তৈরি এবং প্রাপ্ত বয়স্ক শিক্ষার্থীদের সাথে কাজ করার জন্য কর্মী তৈরি এবং তাদের সহায়তা প্রদান করে, এর অন্তর্ভুক্ত সতীর্থ কর্মী সদস্য এবং/অথবা অংশগ্রহণকারীদের পরিবার সদস্য।							
কর্মী নিয়োগদান/দলভুক্তকরণ							
6. *কর্মী সংগ্রহ, নিয়োগদান, এবং তাদের তৈরি করা যাতে কম্যুনিটিতে বৈচিত্র্য এবং বিভিন্ন সংস্কৃতির প্রতিফলন ঘটে।							
7. *একটি মানসম্পন্ন ওরিয়েন্টেশন বাস্তবায়ন করে যার অন্তর্ভুক্ত সংগঠন/কর্মসূচির সংস্কৃতি, আদর্শ এবং উদ্দেশ্য, হ্যান্ডবুক, এবং পেশাগত প্রত্যাশা।							
8. *যেখানে উপযুক্ত সেখানে শিক্ষা-নির্দেশনার কৌশল এবং বিষয় নির্দিষ্ট অংশসমূহে কর্মী সদস্যদের যোগ্যতা গড়ে তোলার বিষয়টি নিশ্চিত করে।							
কর্মসূচিগত কাঠামো							
9. নেতৃত্ব থাকে যারা কর্মীদের ভাবনা এবং সহযোগিতার জন্য উপযুক্ত সুপারভিশন, সহায়তা, এবং সুযোগ তৈরি করে।							
10. নিয়মিত কর্মী মিটিংয়ের আয়োজন করে যেখানে চিন্তা-ভাবনা শেয়ার এবং আদান-প্রদান করা হয়।							
কর্মী মূল্যায়ন							
11. কর্মী কার্যসম্পাদনা মূল্যায়নের জন্য স্বচ্ছ পদ্ধতি ব্যবহার করে।							
12. মূল্যায়নের ফলাফল এবং স্বার্থসংশ্লিষ্টদের মতামতের ভিত্তিতে অব্যাহত উন্নতিতে কর্মীদের সংশ্লিষ্ট রাখে।							

নোট:

উপাদান 5

কর্মসূচি এবং কর্মকাণ্ড

একটি মানসম্মত কর্মসূচি নানা ধরনের চৌকস কর্মকাণ্ড এবং সুযোগ প্রদান করে যা সকল অংশগ্রহণকারীর শারীরিক, সামাজিক, এবং বৌদ্ধিক বেড়ে-ওঠা এবং সমৃদ্ধিতে সহায়তা প্রদান করে।

একটি মানসম্পন্ন কর্মসূচি:	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. *কর্মকাণ্ড প্রদান করে যা কর্মসূচির আদর্শ এবং উদ্দেশ্যের প্রতিফলন ঘটায়।							
2. এমন একটি কর্মসূচির ডিজাইন এবং সময়সূচি ব্যবহার করে যা পূর্ণ শিক্ষার্থীর চাহিদা পূরণ করে, এর অন্তর্ভুক্ত সকল অংশগ্রহণকারীর শারীরিক, সামাজিক এবং মানসিক, এবং অ্যাকাডেমিক চাহিদা।							
3. *অংশগ্রহণকারীদের বয়স এবং দক্ষতার স্তরের উন্নয়ন উপযোগী এমন কর্মকাণ্ড উপস্থাপন করে এবং অংশগ্রহণকারীদেরকে কর্মসূচির বছরে নতুন দক্ষতা গড়ে তোলার সুযোগ দেয়।							
4. *প্রোজেক্ট-ভিত্তিক, অভিজ্ঞতা-লব্ধ কর্মকাণ্ড প্রদান করে যা সৃজনশীলতার উন্নতি করে, অংশগ্রহণকারীদের আগ্রহের প্রতিফলন ঘটায়, এবং দক্ষতা গড়ে তোলা এবং জ্ঞানের প্রয়োগের সুযোগ সৃষ্টি করে।র							
5. সমৃদ্ধির প্রস্তাব নির্ধারণে অংশগ্রহণকারীদের কাছ থেকে নিয়মিতভাব মতামত আদায় করে।							
6. *উচ্চ-মানের অ্যাকাডেমিক সহায়তার একটি মিশ্রণ প্রদান করে, এর মধ্যে আছে টিউটরিং, স্টাডি হল, এবং/অথবা হোমওয়ার্ক সহায়তা যা কর্মসূচি, এমনকি আর্ট, বিনোদন, এবং স্বাস্থ্য বিষয়ে সমৃদ্ধির সুযোগের জন্য উপযুক্ত।							
7. *কর্মকাণ্ড অন্তর্ভুক্ত করে যা অংশগ্রহণকারী এবং তাদের পরিবারের ভাষা ও সংস্কৃতির প্রতিফলন ঘটায়।							
8. দায়িত্বশীল সিদ্ধান্ত-গ্রহণ এবং সামাজিক এবং মানসিক দক্ষতা বৃদ্ধির জন্য সুযোগ সৃষ্টি করে।							
9. কর্মসূচি এবং বিশেষ অনুষ্ঠানের সময় সকল অংশগ্রহণকারীকে যৌক্তিক বিশেষ সুবিধা প্রদান এবং প্রয়োজন অনুযায়ী বিশেষ সরঞ্জাম প্রদান করে।							
10. নানাবিধ শিক্ষাবিষয়ক কৌশল কাজে লাগায়।							
11. আউটডোরে নিয়মিত সুযোগ প্রদান করে, এর মধ্যে আছে সাইটের বাইরে কোথাও সফরে যাওয়া।							
12. অংশগ্রহণকারীদের যখন এক বয়সের গ্রুপ থেকে অন্য বয়সের গ্রুপে, স্কুলের এক গ্রেড থেকে অন্য গ্রেডে, এবং/অথবা স্কুলের দিন থেকে আফটার স্কুলে উত্তরণ ঘটে, তখন সহায়তা প্রদান করে।							
13. কর্মকাণ্ড প্রদান করে যা অংশগ্রহণকারীদের মধ্যে বৈশ্বিক যোগ্যতা তৈরি, 21 শতকের দক্ষতা, এবং কলেজ, পেশা এবং নাগরিকত্বের জন্য তাদেরকে প্রস্তুত করে।							
14. *উদ্দেশ্যমূলক কর্মসূচি, লেসন প্ল্যান, এবং পাঠ্যক্রম ব্যবহার করে।							
15. এমন একটি কর্মসূচির সময়সূচি ব্যবহার যা অংশগ্রহণকারীর কর্মকাণ্ডের মাঝে অপেক্ষার সময় এবং বিঘ্ন তৈরি, এবং যখন এক স্থান থেকে তারা অন্য স্থানে যায় সেই সময়টিকে সীমিত করে।							
16. কর্মকাণ্ডের আগে সাপ্লাইসমূহ সংগঠিত, সুব্যবস্থাপনায়, হাতের কাছে এবং সেট আপ করা আছে সেবিষয়টি নিশ্চিত করে।							
17. রুম বরাদ্দ বিষয়ে চলমান এবং সঠিক কর্মকাণ্ডের সময়সূচি মেনে চলে যা অংশগ্রহণকারী, কর্মী, এবং পরিবারের জন্য সুবিধাজনক।							

নোট:

উপাদান 6

স্কুল দিনের সাথে শক্তিশালী সংযোগ প্রতিষ্ঠা করে

একটি মানসম্পন্ন কর্মসূচিতে তার কর্মীগণ স্কুলের কর্মীদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে যাতে আফটারস্কুলের অ্যাকাডেমিক অংশসমূহ ও কর্মকাণ্ড শিক্ষণ মানের সাতে সমন্বিত হয় এবং কর্মসূচিতে অংশগ্রহণকারীদের ইতিবাচক উন্নতিতে সামগ্রিকভাবে অবদান রাখে সেবিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে।

	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
একটি মানসম্পন্ন কর্মসূচি:	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
স্কুল-ভিত্তিক কর্মসূচি এবং সেন্টার-ভিত্তিক কর্মসূচি, যখন প্রযোজ্য							
1. *কর্মসূচির অংশগ্রহণকারীগণ নিয়মিতভাবে প্রিন্সিপ্যাল(গণ), স্কুল প্রশাসক(গণ), এবং/অথবা দায়িত্বপ্রাপ্ত লিঁয়াজো(গণ), এবং যোগদানকৃত স্কুলের(সমূহের) শিক্ষকবৃন্দের সাথে মিলিত হন।							
2. ঐসব কর্মসূচি অন্তর্ভুক্ত করে যা বিভিন্ন গ্রুপকে পরিষেবাদনকৃত শিক্ষণ মানের সাথে সমন্বিত হয় এবং/অথবা একে অপরের সম্পূরক হয়।							
3. অংশগ্রহণকারীদের অ্যাকাডেমিক এবং আচরণগত অগ্রগতি সম্পর্কে জ্ঞাত রাখতে স্কুল দিবসের কর্মীদের সাথে নিয়মিত যোগযোগ রক্ষা করে।							
4. হোমওয়ার্ক সহায়তা, স্টাডি হল, এবং/অথবা টিউটরিংয়ের জন্য কর্মকাণ্ডের সময়সূচিতে পর্যপ্ত সময় বরাদ্দ করে, এবং যথেষ্ঠ রিসোর্স রাখে, এর অন্তর্ভুক্ত জ্ঞানী, সুপ্রশিক্ষিত কর্মী এবং এমন একটি জায়গা যা ইতিবাচক শিক্ষণ পরিবেশের উপযোগী।							
5. স্কুলগুলির পরিকল্পনা প্রচেষ্টায় প্রতিনিধিত্ব করে এবং সক্রিয়ভাবে অংশ নেয়।							
6. স্কুল দিবস এবং আফটারস্কুল কর্মসূচির মধ্যে একটি "সেতু" হিসেবে কাজের জন্য একজন এডুকেশনাল কোঅর্ডিনেটর নিযুক্ত করে, অথবা স্কুল এই দায়িত্ব প্রদান করে।							
7. স্কুল প্রশাসনের সহযোগিতায়, যৌথ পেশাগত উন্নয়নের জন্য সময় এবং রিসোর্স বরাদ্দ করে যা কম্যুনিটি-ভিত্তিক সংগঠন এবং স্কুল দিবসের কর্মী – উভয়ের অংশগ্রহণ সহজীকরণ করে।							
স্কুল-ভিত্তিক কর্মসূচি							
8. *উপযুক্ত হলে, স্কুল প্রিন্সিপ্যালের সাথে রিসোর্সের জন্য পরিকল্পনা করে এবং সেসব সংগ্রহ করে, এবং একটি প্রাতিষ্ঠানিক মেমোরেন্ডাম অভ আন্ডারস্ট্যান্ডিং (MOU) অথবা স্কুল পার্টনারশিপ অ্যাগ্রিমেন্ট (SPA) ব্যবহার করে।							
9. স্কুলের সাথে যোগাযোগ করে এবং বিচিত্র ক্ষমতাসম্পন্ন অংশগ্রহণকারীদের সঙ্গে কাজের জন্য বিভিন্ন নীতির সাথে সমন্বয় তৈরি করে।							
10. একটি সাধারণ আচরণ এবং ভাষার কোড তৈরি এবং সেটি অনুসরণের উদ্দেশ্যে একসাথে কাজ করে যা অংশগ্রহণকারীদের সামাজিক এবং মানসিক উন্নয়নে সহায়তা প্রদান করে।							

নোট:

উপাদান 7

তরুণদের অংশগ্রহণ এবং সংশ্লিষ্টতা

পরিকল্পনায় সংশ্লিষ্ট হতে, বাছাইকরণে, এবং বিভিন্ন ধরনের সমৃদ্ধ অফারে অংশ দিতে অংশগ্রহণকারীদের জন্য একটি মানসম্মত কর্মসূচি নানান সুযোগ প্রদান করে।

একটি মানসম্পন্ন কর্মসূচি:	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. ধারাবাহিক এবং সক্রিয় অংশগ্রহণ উন্নত করতে অংশগ্রহণকারী এবং প্রাপ্তবয়স্কদের সংশ্লিষ্ট করে।							
2. মর্যাদার একটি সংস্কৃতি তৈরি এবং তার উন্নতিতে এবং শৃঙ্খলাজনিত নীতিমালার সহ-প্রতিষ্ঠার জন্য অংশগ্রহণকারী এবং প্রাপ্তবয়স্কদের সংশ্লিষ্ট করে।							
3. কর্মসূচির ডিজাইনে এবং অর্থবহ উপায়ে বাস্তবায়নের জন্য অংশগ্রহণকারীদের সম্পৃক্ত করে।							
4. ড্যাটা সংগ্রহ এবং কর্মসূচি রিপোর্টিয়ের মূল্যায়নে এবং একটি অর্থপূর্ণ উপায়ে অব্যাহত উন্নতির উদ্দেশ্যে অংশগ্রহণকারীদের সম্পৃক্ত করে।							
5. কর্মকাণ্ডগুলিকে অর্থবহ করতে, বাস্তব বিশ্বে সেগুলির প্রয়োগের জন্য, এবং অংশগ্রহণকারীদের আগ্রহকে ঘিরে ওগুলিকে গড়ে তুলতে অংশগ্রহণকারী এবং প্রাপ্তবয়স্কদের সংশ্লিষ্ট করে।							
6. একটি সংস্কৃতি রয়েছে যা তরুণদেরকে উদ্যোগ গ্রহণে, তাদের আগ্রহ অনুসন্ধানে, ব্যক্তিগত সাফল্যের জন্য লক্ষ্য স্থিরকরণে এবং তাদের সাথে মিলিত হবার জন্য কাজ করতে উৎসাহিত করে।							

নোট:

উপাদান ৪

পিতামাতা, পরিবার, এবং কম্যুনিটি অংশীদারত্ব

একটি মানসম্পন্ন কর্মসূচিতে কর্মসূচির লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে পরিবার এবং কম্যুনিটির সাথে একটি শক্তিশালী অংশীদারত্ব প্রতিষ্ঠা করে।

একটি মানসম্পন্ন কর্মসূচি:	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. অংশগ্রহণকারীর ভালো-থাকা এবং উন্নতি সম্পর্কিত বিভিন্ন বিষয়ে পরিবারগুলির সাথে যোগাযোগ রক্ষা করে।							
2. *পরিবারের সংশ্লিষ্টতার জন্য পরিকল্পনা তৈরি, পর্যালোচনা, এবং হালনাগাদ করে।							
3. কর্মসূচির বিভিন্ন অনুষ্ঠানে পরিবারসমূহ, কম্যুনিটি, এবং নির্বাচিত অফিসিয়ালদেরকে সম্পৃক্ত করে।							
4. পিতামাতা এবং পরিবারগুলিকে এডুকেশনাল পার্টনার হিসেবে দেখে, এবং সাক্ষরতা ও অন্য প্রাপ্ত বয়স্ক শিক্ষাবিষয়ক কর্মশালার সুযোগগুলি তাদের জানিয়ে দেয় যাতে কর্মসূচির বাইরে পরিবারগুলি শিশু ও কিশোরদের উন্নতিতে সহায়তাদানে সাহায্য করতে পারে।							
5. চাহিদাসমূহ শনাক্ত করতে পরিবারগুলির সাথে কাজ করে, পরিবারগুলিতে তাদের চাহিদা পূরণে কম্যুনিটি রিসোর্স সম্পর্কিত তথ্য প্রদান করে, এবং প্রয়োজনবোধে রেফারাল দেয়।							
6. কর্মসূচিতে যেসব বিষয় আছে সেগুলিকে আরও সম্প্রসারিত এবং সমৃদ্ধ করতে আর্টস্, সংস্কৃতি- বিষয়ক এবং অন্য কম্যুনিটি প্রতিষ্ঠানসমূহের সাথে সম্পর্ক গড়ে তোলে।							
7. কর্মসূচির স্থানটিতে পিতামাতাদের জন্য একটি তথ্য এরিয়া আছে যেটি সুসংগঠিত এবং সহজেই খুঁজে নেয়া যায়।							
8. অ্যাডভোকেসি প্রচেষ্টায় পরিবারগুলিকে সংশ্লিষ্ট করে।							
9. অংশগ্রহণকারীদেরকে বিভিন্ন ধরনের সুযোগ প্রদান যেখানে তারা তাদের কাজ এবং/অথবা দক্ষতা তাদের সতীর্থ, পরিবার, এবং কম্যুনিটির কাছে প্রদর্শন করতে পারে।							

নোট:

উপাদান 9

কর্মসূচির স্থায়ীত্ব এবং বৃদ্ধি

একটি মানসম্পন্ন কর্মসূচিতে একটি সংগতিপূর্ণ আদর্শ/উদ্দেশ্য থাকে এবং ধারাবাহিক বৃদ্ধিকে সহায়তা দিতে পারে এমন পরিসর বৃদ্ধির একটি পরিকল্পনাও থাকে।

একটি মানসম্পন্ন কর্মসূচি:	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. *একটি লিখিত, কর্মসূচি-নির্দিষ্ট আদর্শ, উদ্দেশ্য, লক্ষ্য, এবং আকাঙ্খিত ফলাফলের বিবৃতি থাকে।							
2. দীর্ঘ-মেয়াদি সিদ্ধান্ত-গ্রহণ এবং পরিকল্পনা প্রচেষ্টায় অংশগ্রহণকারী, পরিবার, কর্মী, এবং অন্য উপযুক্ত স্বার্থসংশ্লিষ্টদের সংশ্লিষ্টতা থাকে।							
3. আফটারস্কুল কর্মসূচিটিকে টেকসই করার লক্ষ্যে একটি দীর্ঘ-মেয়াদি পরিকল্পনা থাকে, এর মধ্যে আছে বিভিন্ন সূত্রের অর্থায়নসহ একাধিক-বছরের একটি অর্থ পরিকল্পনা।							
4. স্থানীয় ব্যবসাসমূহ এবং প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক গড়ে এবং সহায়তা চেয়ে কম্যুনিটির মাঝের এবং তার বইরের রিসোর্স লাভ করা।							
5. কর্মসূচির মান এবং লভ্যতার জন্য অ্যাডভোকেটদের সাথে সম্পর্ক তৈরি এবং সেগুলি রক্ষা করে, যেমন কম্যুনিটি লিডার, ব্যবসা, এবং সকল স্তরের নির্বাচিত অফিসিয়াল।							
6. বাজারজাত করার একটি কার্যকর কৌশল থাকে যা স্কুলের(সমূহের) এবং বৃহত্তর কম্যুনিটিতে কর্মসূচিটির এবং তার সাফল্যের প্রচার করে।							
7. আফটারস্কুল কর্মসূচি পরিদর্শনের জন্য বোর্ড সদস্য, নির্বাচিত অফিসিয়াল, এবং অন্য VIP-দেরকে আমন্ত্রণ জানায়।							
8. আফটারস্কুল কর্মসূচিকে চালু করতে বৃহত্তর সংগঠিত অ্যাডভোকেসি সুযোগসমূহে অংশ নেয়।							

নোট:

উপাদান 10

ফলাফল পরিমাপ এবং মূল্যায়ন

একটি মানসম্মত কর্মসূচিতে থাকে ফলাফল পরিমাপের এবং চলমান কর্মসূচি পরিকল্পনা, উন্নয়ন, এবং মূল্যায়নের জন্য ঐ তথ্য ব্যবহারের একটি পদ্ধতি।

একটি মানসম্পন্ন কর্মসূচি:	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. *পরিমাপযোগ্য কর্মসূচির লক্ষ্য এবং আকাঙ্খিত ফলাফল যা সাংগঠনিক আদর্শ, উদ্দেশ্য, এবং শনাক্তকৃত চাহিদার সাথে সমন্বিত।							
2. *কর্মসূচির মূল্যায়ন যেখানে অন্তর্ভুক্ত থাকে মানগত এবং পরিমাণগত ড্যাটা সেটি তৈরি এবং/অথবা তার জন্য পরিকল্পনা করে।							
3. ফলাফল জানতে মানগত এবং পরিমাণগত ড্যাটা দ্বারা অংশগ্রহণকারীর অগ্রগতি পরিমাপ করে।							
4. প্রতিশ্রুতিপূর্ণ অনুশীলনীসমূহ শনাক্ত এবং শেয়ার করে।							
5. মূল্যায়নের এবং/অথবা সাধারণ পাবলিকের কাছে লভ্য অন্য সংগৃহীত ড্যাটার সারসংক্ষেপ তৈরি করে।							
6. কর্মসূচির কর্মকাণ্ড মূল্যায়নের জন্য একটি অভ্যন্তরীণ পদ্ধতি তৈরি করে।							
7. কর্মী কার্যসম্পাদনা মূল্যায়নের জন্য একটি অভ্যন্তরীণ পদ্ধতি তৈরি করে।							
8. অংশগ্রহণকারীর সংশ্লিষ্টতার স্তর মূল্যায়নের জন্য একটি অভ্যন্তরীণ পদ্ধতি তৈরি করে।							
9. কর্মসূচির মূল্যায়নে স্বার্থসংশ্লিষ্টদের কাছ থেকে মতামত অন্তর্ভুক্ত করে।							
10. কর্মসূচির অব্যাহত উন্নতির জন্য মূল্যায়ন থেকে প্রাপ্ত তথ্যের ব্যবহার করে।							

নোট:

অপ্রাতিষ্ঠানিক STEM শিক্ষণ

একটি মানসম্পন্ন STEM কর্মসূচি অংশগ্রহণকারীদেরকে অনুসন্ধানমূলক, সৃজনশীল এবং দক্ষতা গড়ে তোলা এবং জ্ঞানের সাথে সম্পৃক্ত রাখে যা বাস্তব-বিশ্বের বিভিন্ন পরিস্থিতি ও ভবিষ্যত পেশাজীবনে প্রযোজ্য, এবং যা STEM কর্মকাণ্ডে জীবনব্যাপী আগ্রহ জাগিয়ে তোলে।

দ্রষ্টব্য: নিচে প্রদত্ত কিছু প্রশাসনিক সূচক 1-4 স্কেলের পরিবর্তে একটি চেকলিস্ট দ্বারা পরিমাপ করা হয়। এইসব সূচকের জন্য, আপনার কর্মসূচিতে যেগুলি আছে সেগুলি চেক অফ করুন, এবং যেগুলি এখনও পূরণ করতে হবে সেগুলিকে খালি রাখুন।

একটি মানসম্পন্ন কর্মসূচি:

☐ a. যেখানে কর্মী থাকে যারা অংশগ্রহণকারীর সর্বাধিক সময় ও অংশগ্রহণের লক্ষ্যে আগে থেকেই রুম এবং বিভন্ন সামগ্রী প্রস্তুত রাখে।
☐ b. অংশগ্রহণকারীর আগ্রহ, ক্ষমতা, এবং নিরাপত্তার বিষয় বিবেচনায় রেখে STEM সামগ্রী এবং যন্ত্রপাতি মানানসই করে।

	কার্যসম্পাদনার স্তর				উন্নতির পরিকল্পনা		
	1	2	3	4	এইমাত্র	এই বছর	আগামী বছর
1. কর্মী এবং একে অপরের সাথে সহযোগিতামূলক STEM অনুসন্ধান উৎসাহিত করতে জায়গার ব্যবস্থা করে।							
2. এখানে সংগঠিত কিছু কাঠামো থাকে, যেমন সময়সূচি তৈরি, কর্মী উন্নয়ন, যুব উন্নয়ন, ইত্যাদি, যা সকল অংশগ্রহণকারীকে STEM শিক্ষণ সমৃদ্ধির কর্মকাণ্ডে অংশ নিতে সহায়তা দেয়।							
3. কোন STEM ধারণা বোঝা অথবা STEM অনুশীলনী তৈরির জন্য উদ্দেশ্যপূর্ণভাবে এগিয়ে যেতে STEM কর্মকাণ্ডের কাঠামো তৈরি করে।							
4. বিশ্লেষণী চিন্তার আবশ্যিকতা আছে এমন হাতে-কলমের কর্মকাণ্ডে সংশ্লিষ্ট হতে অংশগ্রহণকারীদের সুযোগ প্রদান করে।							
5. STEM কর্মকাণ্ডকে সহজতর করে এমন ব্যক্তিরা যাতে STEM বিষয়সমূহ সঠিকভাবে বুঝতে পারে সেবিষয়টি নিশ্চিত করে।							
6. STEM পেশাজীবীরা বয়স-উপযোগী, সহায়ক উপায়ে অংশগ্রহণকারীদের জন্য প্রকৃত পদ্ধতি ব্যবহার করুক সে সুযোগ প্রদান করে।							
7. অংশগ্রহণকারীদেরকে তাদের কাজ এবং প্রতিটি STEM কর্মকাণ্ডে এগিয়ে যাবার সময় সেগুলি নিয়ে ভাবার সময় দেয়।							
8. সকল অংশগ্রহণকারীকে STEM কর্মকাণ্ডে, এবং কর্মকাণ্ডের সকল স্তরে অন্তর্ভুক্ত করে।							
9. অংশগ্রহণকারীদেরকে তাদের জীবনে STEM কর্মকাণ্ডের অর্থ ও গুরুত্ব বুঝতে সহায়তা দেয়।							
10. অংশগ্রহণকারীদেরকে STEM শিক্ষণের মালিকানাসত্ব নিতে এবং তাদের কম্যুনিটিতে এগুলির ধারণা শেয়ার করতে সহায়ক হয়।							
11. STEM পেশা অর্জন উৎসাহিত করতে এবং/অথবা STEM জ্ঞান লাভে জীবনব্যাপী আগ্রহ তৈরি করতে অংশগ্রহণকারীদেরকে বিচিত্র প্রেক্ষাপট থেকে আসা STEM পেশাজীবীদের সাথে সংযোগ ঘটায়।							

আফটার স্কুলে STEM প্রোগ্রামের মানের সংজ্ঞা দিতে পেয়ার ইনস্টিটিউট একটি 12-মাত্রার ফ্রেমওয়ার্ক তৈরি করেছে (ডিমেনশন অভ সাকসেস, অথবা DoS)। এই স্ব-মূল্যায়ন উপকরণের সূচকগুলি জোরালোভাবে ঐ 12টি মাত্রার উপর নির্ভরশীল, এবং PEAR-এর DoS গবেষকদের সাথে পরামর্শের ফল কার্যসম্পাদনার চারটি স্তরের সংজ্ঞাও। যখন এইসব DoS মাপকাঠি এবং স্কোরিং কাঠামো হুবহু না মেলে, তখন সেগুলি সুন্দরভাবে সমন্বিত হয় এবং এখানে যে ভাষার ব্যবহার হয় সেটি DoS ফ্রেমওয়ার্ক থেকে ধার করা হয়। STEM সূচকগুলি DoS প্রোগ্রাম প্ল্যানিং উপকরণ, যা PEAR ইনস্টিটিউট ওয়েব সাইটে লভ্য, দ্বারা দারুণভাবে প্রভাবিতও (http://www.thepearinstitute.org)।

NEW YORK STATE
NETWORK FOR
YOUTH SUCCESS